দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 SEP 1995
পৃষ্ঠা ৮ কলাম ১

3

# ভর্তির নতুন নিয়ম বাস্তবায়নে শিক্ষক নেতৃবৃন্দের আশ্বাস

দেশের বিভিন্ন সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দ পাবলিক পরীক্ষার ফলের মেধাক্রমানুসারে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সাম্প্রতিক সরকারী সিদ্ধান্তকে অত্যন্ত সময়োপযোগী ও বাস্তবানুগ বলে আখ্যায়িত করেছেন।

শিক্ষা সচিব মোঃ ইরশাদুল হকের সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ের সভা কক্ষে বৃহস্পতিবার অনুষ্ঠিত এক সভায় শিক্ষক নেতৃবৃন্দ একথা বলেন।

সভায় শিক্ষক নেতৃবৃন্দ দেশের বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ, বিআইটি এবং সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহেও পূর্ববর্তী পাবলিক পরীক্ষার মেধাক্রমানুসারে শিক্ষার্থী ভর্তির জোর সুপারিশ করেন। খবর তথ্য বিবরণী।

সভায় গৃহীত এক প্রস্তাবে জাতীয়ভাবে আগামী ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস উদযাপনের সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশন, বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি, বিসিএ (সাধারণ শিক্ষা) সমিতি, বাংলাদেশ শিক্ষক সমিতি, বাংলাদেশ সরকারী শিক্ষক সমিতি, বাংলাদেশ প্রভাষক সমিতি এবং বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।